একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা ভূমি অফিস

তাহিরপুর, সুনামগঞ্জ।

www.acl.tahirpur.sunamganj.gov.bd

# বিজ্ঞপ্তি/২০২৫

স্মারক নং- ৩১.৪৬.৯০৯২.০০০.০৩.০০৪.২৫- ৪১৮ তারিখ: ১১নভেম্বর, ২০২৫ খ্রি.

বিষয়: ১৪৩২ বঙ্গাব্দের অবশিষ্ট সময়ের জন্য ইজারাবিহীন জলমহালের খাস আদায় সংক্রান্ত।

সূত্র: ১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তাহিরপুর, সুনামগঞ্জ এর ৩১ জুলাই, ২০২৫ খ্রি. তারিখের স্মারক নং- ৫৭২।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাহিরপুর উপজেলাধীন নিম্নবর্ণিত জলমহালসমূহ আগ্রহী মৎস্যজীবী সমবায় সমিতির অভাবে ১৪৩২-১৪৩৪ বাংলা সন মেয়াদে ইজারা প্রদান করা সম্ভব হয় নি।

এমতাবস্থায়, বর্ণিত জলমহালসমূহ ইজারা না হওয়া পর্যন্ত জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ খ্রি. তারিখ এর ১৬ নং অনুচ্ছেদের আলোকে “২০ একরের নিচে” ২০ টি জলমহাল ১৪৩২ বাংলা সনের অবশিষ্ট সময়ের খাস আদায় এর জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তাহিরপুর, সুনামগঞ্জ এর ৩১ জুলাই, ২০২৫ খ্রি. তারিখের ৫৭২ নং স্মারক নির্দেশনা পাওয়া যায়। উক্ত নির্দেশনা মোতাবেক ৩১ আগষ্ট, ২০২৫ খ্রি. তারিখের ২৫৮ স্মারক মূলে উপজেলা ভূমি অফিস, তাহিরপুর, সুনামগঞ্জ হতে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে বর্ণিত ০৯ নং ক্রমিকের “ধামালিয়ার বিল” জলমহাল খাস কালেকশন প্রদান করা হয়। অবশিষ্ট “১৯” (উনিশ) টি জলমহালের খাস আদায়ের কার্যক্রম এর নির্দেশনা মোতাবেক ২৪ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. তারিখের ২৯০ নং স্মারক মূলে ২য় বিজপ্তি প্রকাশ করা হয়। উক্ত নির্দেশনা অনুসারে কোনো দরপত্র না পাওয়ায় আগ্রহী ব্যক্তিগণকে নিম্নোক্ত সময়সূচী ও শর্তাবলী অনুযায়ী উন্মুক্ত দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

**১৪৩২ বাংলা সন মেয়াদে খাস আদায়যোগ্য জলমহালের তালিকা:**

| ক্রমিক নং | জলমহালের নাম | মৌজার নাম | দাগ নং | পরিমাণ (একরে) | ৫% বর্ধিত হারে সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | উপধ্যাল বিল | নুরপুর/৬৫ | ১/৩৮৩ ও ১ | ৮.৬৫ | ৩,০৬৩/- | |
| ০২ | নয়াবন্দের বিল | সোহালা/১৫৬ | ৯১ | ০.৩২ | ১,১৫৫/- | |
| ০৩ | ভিতরবন্দের ডোবা | মন্দিয়াতা/৮০ | ২০১, ১০২ | ৬.১৬ | ৩,৩০৮/- | |
| ০৪ | বড়খলা ডোবা | বড়খলা/১২২ | ৮৬০ | ০.৭ | ৩,০০/- | |
| ০৫ | সন্ন্যাসী ও মিটুয়ার ডোবা | মৈয়াজুরী/৮৩ | ১২৮ | ১২.০০ | ২,৬৪৬/- | |
| ০৬ | ইছবপুরের খাল | সোহালা/১৫৬ | ১৭৪ | ১২.৮৩ | ৬,৩০০/- | |
| ০৭ | বিন্নারবন্দ খাল | বড়ছড়া/১৯৮ | ৫৬, ৪১২ | ৪.৩৮ | ১,৩৬৫/- | |
| ০৮ | ঢাকীর খাল | সোহালা/১৫৫ | | ১২.৮৪ | ৩,৭৮০/- | |
| ০৯ | টেকাটুকিয়া বিল | টেকাটুকিয়া /১৭২ | ৮৬ | ৭.৭১ | ৩,৪৬৫/- | |
| ১০ | ভাইটার বন্দের ডোবা | উত্তর তাহিরপুর/১৭০ | ১৫৫৫ | ১.৭৬ | ৫,৫৭/- | |
| ১১ | সরকার সন্দের ডোবা | শনির হাওর/৬২ | ৩৫৮৪ | ২.৩১ | ৭,৩৫/- | |
| ১২ | বাইশার ডোবা | শনির হাওর/৬২ | ১১২০৪ | ২.০৩ | ৬,৩০/- | |
| ১৩ | বুদাইর ডোবা | লোভার হাওর/১৭৫ | ২৮৩ | ০.৭৬ | ২,৮৯/- | |
| ১৪ | পিয়ারিকোনার ডোবা | দিঘলবাক/১২১ | ৬২২, ৫৩৪, ৫৩৬, ৩৭৫, ৫৬৯, ৫৭৮, ৬২৫, ৫৯৭ | ৮.২৫ | ৩,১৫০/- | |
| ১৫ | লংকাকুড়ি বিল | দিঘলবাক/১২১ | ৩৮৯ | ৩.৫০ | ১,৫৭৫/- | |
| ১৬ | বাগলীছড়া | কলাগাঁও/১৯৬ | ৯৯৪, ৮০১ | ১০.২৮ | ৩,৪২৩/- | |
| ১৭ | গজারিয়া ডোবা | শনির হাওর/৬২ | ১২৪৭ | ১.২৫ | ২,৭৫৭/- | |
| ১৮ | পূর্বডোবা বিল | শনির হাওর/৬২ | ১৫২৪ | ২.৪৭ | ৬,৮২৫/- | |
| ১৯ | মুদিবাড়ি বিল | নালেরবন্দ/১০৮ | ৩৮৮ ও ৪৫৩ | ১২.৭৮ | ১,১৬০/- | |

চলমান পাতা -০১-

ছক

| দরপত্রের পর্যায় নং | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র খোলার তারিখ ও সময় বিকাল: ০৩ ঘটিকা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ম | ২০.১১.২০২৫ খ্রি. | ২০.১১.২০২৫ খ্রি. | আবেদনকারীগণের উপস্থিতিতে দরপত্র উন্মুক্ত করা হবে। (যদি কেহ উপস্থিত থাকেন) |
| ২য় | ২৭.১১.২০২৫ খ্রি. | ২৭.১১.২০২৫ খ্রি. | |
| ৩য় | ০৪.১২.২০২৫ খ্রি. | ০৪.১২.২০২৫ খ্রি. | |

## শর্তাবলী:

০১। উপরে বর্ণিত জলমহালগুলো ১৪৩২ বাংলা সনের অবশিষ্ট সময় অর্থাৎ ৩০ শে চৈত্র, ১৪৩২ বাংলা সন পর্যন্ত খাস আদায় প্রদান করা হবে।

০২। সাদা কাগজের দরপত্রে আবেদনকারীর নাম, ঠিকানা, জলমহালের নাম ও খাস মূল্য উল্লেখপূর্বক সীলগালা অবস্থায় দরপত্র নির্ধারিত বক্সে দাখিল করতে হবে। দরপত্রে কোন প্রকার ঘষামাজা/কাটাকাটি পরিলক্ষিত হলে তা সরাসরি বাতিল বলে গণ্যহবে।

০৩। সীলমোহরযুক্ত দরপত্র নির্ধারিত তারিখে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তাহিরপুর, সুনামগঞ্জ ও উপজেলা ভূমি অফিস, তাহিরপুর, সুনামগঞ্জ এর রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে এবং ঐ দিন বেলা ০৩.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

০৪। আগ্রহী প্রার্থীগণকে আবেদনে উল্লিখিত উদ্ধৃত দরের ২০% অর্থ সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস, তাহিরপুর, সুনামগঞ্জ এর অনুকূলে জামানত হিসেবে যেকোন তপসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে- অর্ডার আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৫। অনুমোদিত দরদাতাকে আবেদনে উল্লিখিত মূল্যসহ অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরবর্তী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

০৬। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ ব্যক্তির নিকট সরকারী পাওনা বকেয়া থাকলে তিনি খাস কালেকশনের জন্য দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন না।

০৭। খাস কালেকশনের জন্য ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না এবং জলমহালের কোন অংশ স্থায়ী/অস্থায়ী বাঁধ/ প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না, যাতে ফৌজদারি কার্যবিধির ১৩৩ অথবা ১৯৫০ সনের মৎস্য সংরক্ষণ আইনের কোন বিধান লঙ্ঘিত হয়।

০৮। যে সকল জলমহাল থেকে জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে, সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। যে সকল বদ্ধ জলমহাল খাস কালেকশনের জন্য ইজারা দেয়া হবে সেখান থেকে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম গ্রহণ করা যাবে।

০৯। কোন অবস্থাতেই খাস আদায়কালীন সময়ে জলমহাল শুকিয়ে মাছ ধরা যাবে না এবং মা মাছ নিধন করা যাবে না।

১০। অনুমোদিত ইজারা গ্রহীতা সরকার বা কালেক্টর কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারিবেন না। কালেক্টর বা সরকারি মৎস্য বিভাগ কর্তৃক সকল আদেশ/নিষেধ ইজারা গ্রহীতা পালন করতে বাধ্য থাকবেন।

১১। ইতিমধ্যে কোন জলমহালে আদালত বা উর্ধ্বতন কর্তৃপক্ষের কোন প্রকার নিষেধাজ্ঞা/ স্থগিতাদেশ থাকলে সংশ্লিষ্ট জলমহালের ক্ষেত্রে এ বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

১২। উপরে বর্ণিত জলমহালগুলোর তপসিল, আয়তন এবং বাস্তব অবস্থান সম্পর্কে অবগত হয়ে খাস আদায় কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। পরবর্তীতে নিকটবর্তী/ পার্শ্ববর্তী দাগের জলাভূমি সংযুক্ত, তপসিল হ্রাস-বৃদ্ধি, ভরাট হওয়ার কারণে খাসমূল্য কমানো অথবা মেয়াদ বৃদ্ধি ইত্যাদি বিষয়ে কোন প্রকার ওজর/আপত্তি গ্রহণ করা যাবে না।

১৩। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।

১৪। কর্তৃপক্ষ দরপত্র গ্রহণ ও সকল কার্যক্রম বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১.১১.২০২৫

(মো: শাহরুখ আলম শান্তনু)
সহকারী কমিশনার (ভূমি)
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল খাস কালেকশন কমিটি
তাহিরপুর, সুনামগঞ্জ।

**অনুলিপি - ( জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

২। চেয়ারম্যান ..........................(সকল) ইউপি, তাহিরপুর, সুনামগঞ্জ।

৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, তাহিরপুর সদর/ডিহিভাটি, তাহিরপুর, সুনামগঞ্জ।

৪। মিফার আহমেদ, কম্পিউটার অপারেটর, উপজেলা ভূমি অফিস, তাহিরপুর, সুনামগঞ্জ। (বিজ্ঞপ্তিটি উপজেলা ভূমি অফিসের ওয়েবসাইটে আপলোডের জন্য বলা হলো)।